**রেজিস্টার্ড নং ডি এ-১** **“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জানুয়ারি ১৬, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৬ পৌষ ১৪২৮/১০ জানুয়ারি ২০২২

বিষয়: **ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (প্রথম পক্ষ) ও ওয়েলফেয়ার এসোসিয়েশন (দ্বিতীয় পক্ষ) এবং সিএইচটি উইমেন ফোরাম (তৃতীয় পক্ষ)-এর মধ্যে সম্পাদিত “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা স্মারক” (Memorandum of Understanding) বিজ্ঞপ্তি প্রকাশ।**

নং **ওয়েলফেয়ার/প্রশা:/তথ্য-২০২২.০১.১২-০০৭**—সকলের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (Welfare Technologies Services Limited) (প্রথম পক্ষ) ও ওয়েলফেয়ার এসোসিয়েশন (Welfare Association) (দ্বিতীয় পক্ষ) এবং সিএইচটি উইমেন ফোরাম (CHT Women Forum) (তৃতীয় পক্ষ)-এর মধ্যে সম্পাদিত “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা” মোতাবেক প্রথম পক্ষের আর্থিক ও কারিগরি সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধানে সামাজিক ও অর্থনৈতিক সকল প্রকার কার্যক্রম পরিচালনা করা হবে এবং দ্বিতীয় পক্ষ এবং তৃতীয় পক্ষ শুধুমাত্র উন্নয়ন সহযোগী সংস্থা (Development Partners) হিসেবে অংশগ্রহণ করবেন। প্রথম পক্ষের সকল প্রকার কার্যক্রম, “প্রাতিষ্ঠানিক নীতিমালা” ও “পেশাদারী আচরণবিধি ও কর্মচারী নীতিমালা” বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে বিগত ১৩-১১-২০২১ইং তারিখে দ্বিতীয় পক্ষ এবং তৃতীয় পক্ষের সাথে মতবিনিময় করে পরস্পরের প্রতি আস্থা, বিশ্বাস, সততা, নিষ্ঠা ও একমত পোষণ করায় যৌথসভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং জনাব শানজিদা মুস্তারী, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, আইডি নং-১৮৭১৬ ও

নিবন্ধন কর্মকর্তা, জেলা প্রশাসক এর কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলায় বিগত ২৯-১১-২০২১ ইং তারিখে রেজিস্টার্ড বন্ড নং-৮২৭/২১-২২ মূলে "ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা" সম্পাদন করা হয়েছে। প্রথম পক্ষ সমঝোতা স্মারকের লক্ষ্য ও উদ্দেশ্য কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরূপ অনুমোদিত সিদ্ধান্ত ও কার্যক্রম বাস্তবায়ন করতে পারবে, যথা:—

১। প্রথম পক্ষের সিদ্ধান্ত ও কার্যক্রম পরিচালনা করার জন্য সরকারি ও বেসরকারি, দেশি ও বিদেশি কোম্পানি, দাতা গোষ্ঠী, সংস্থার অর্থায়নে ও সহযোগিতায় বাংলাদেশের অনগ্রসর, দরিদ্র, পিছিয়েপড়া ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়নে সমাজের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংগঠিত করে "দারিদ্র বিমোচন তহবিল গঠন" ও "দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়ন" কার্যক্রম পরিচালনা করার মাধ্যমে জনগণের সমন্বয়, সম্পৃক্ততা ও সহযোগিতা সুদৃঢ় করতে পারবেন;

২। প্রথম পক্ষের সার্বিক তত্ত্বাবধানে My Welfare App, Website ও Software এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps ব্যবহার করে অথবা অন্য যেকোনো উপায় ও পদ্ধতিতে বাংলাদেশের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে উদ্যোক্তা (এন্টারপ্রেনার) সদস্য, বিভিন্ন প্রকার প্রকল্পভিত্তিক সদস্য এবং বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্য হিসেবে সম্পৃক্ত করে সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "ফিনটেক বিজনেস" ও আইসিটি বিজনেস" পরিচালনা করতে পারবেন;

৩। প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ এবং তৃতীয় পক্ষের সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মৌলিক প্রয়োজন মেটানোর জন্য খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থান সুবিধা সহায়ক বিভিন্ন প্রকার বাণিজ্যিক কার্যক্রম এবং প্রকল্প বা কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন;

৪। প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ এবং তৃতীয় পক্ষ ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট এর পরামর্শক কমিটি ও বিভিন্ন প্রকার কমিটি গঠন করে সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রম, প্রকল্প বা কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন;

৫। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (প্রথম পক্ষ) এর সকল প্রকার কার্যক্রম ও ব্র্যান্ডিং পরিচিতি ওয়েলফেয়ার ফ্যামিলি বা Welfare Family সংক্ষিপ্ত নামে প্রকাশ এবং পরিচালনা করতে পারবেন;

৬। বাংলাদেশের সকল বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন এবং পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলা ও ইউনিয়নে বর্তমান এবং ভবিষ্যৎ কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করতে পারবেন;

৭। সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) এবং মানব সম্পদ উন্নয়ন ও গবেষণাসহ এ সম্পর্কিত বিভিন্ন প্রকার কার্যক্রম, গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য উদ্যোক্তা (এন্টারপ্রেনার) সদস্য, প্রকল্পভিত্তিক সদস্য, বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্য হিসেবে সম্পৃক্ত করতে পারবেন;

৮। নিবেদিত সমাজকর্মী ও উৎসাহী ব্যক্তিবর্গ উদ্যোক্তা (এন্টারপ্রেনার), সদস্য, প্রকল্পভিত্তিক সদস্য, বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্য হিসেবে এককালীন অফেরতযোগ্য ভর্তি ফিস পরিশোধ করে বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "ফিনটেক বিজনেস" ও "আইসিটি বিজনেস" পরিচালনা করে বিভিন্ন প্রকার আয় করতে পারবেন;

৯। পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলা ও ইউনিয়নে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর অধিকারভিত্তিক ও জীবিকা নির্বাহের উপায় নিয়ে চাহিদা ও প্রয়োজন অনুযায়ী কাজ করতে পারবেন;

১০। প্রথম পক্ষ (প্রধান প্রতিষ্ঠান) হিসেবে দ্বিতীয় পক্ষ ও তৃতীয় পক্ষের সরকারিভাবে অনুমোদিত Memorandum & Articles of Association বা গঠনতন্ত্রের কার্যক্রম পরিচালনা, অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে সরকারি ও বেসরকারি, দেশি ও বিদেশি কোম্পানি,দাতা গোষ্ঠী অথবা যেকোনো ব্যক্তি, ব্যক্তিবর্গ, সংগঠন বা প্রতিষ্ঠানের সাথে প্রথম পক্ষের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরে সকল প্রকার চুক্তি সম্পাদন ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;

১১। সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "ফিনটেক বিজনেস" ও "আইসিটি বিজনেস" পরিচালনা করার জন্য প্রথম পক্ষ নির্ধারিত পদ্ধতিতে ব্যক্তি/প্রতিষ্ঠান, দেশি ও বিদেশি বিভিন্ন উৎসসমূহ হতে দান-অনুদান অথবা ঋণ অথবা বিনিয়োগ গ্রহণ করতে পারবেন;

১২। প্রথম পক্ষ ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড (Fintech ICT Registration and Subscription Services Limited) এর আওতায় ব্যবসা-বাণিজ্য ও বাণিজ্যিক প্রতিষ্ঠান গঠন, সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রম, প্রকল্প বা কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন;

১৩। প্রথম পক্ষ বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "ফিনটেক বিজনেস" ও "আইসিটি বিজনেস" পরিচালনা করার জন্য স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ করতে পারবেন;

১৪। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সরকারকে সহায়তা করা এবং মানব কল্যাণ ও লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন, বিজ্ঞানভিত্তিক গবেষণা পরিচালনা করা, টেকসই পরিবেশগত উন্নয়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশ ঘটিয়ে অধিকাংশ জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে পারবেন;

এমতাবস্থায়, টেকসই আধুনিক দেশ গড়ে তোলার মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস ও দারিদ্র্য বিমোচনে সহায়তা করা এবং দেশের অর্থনৈতিক ভিত মজবুত করার মাধ্যমে অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (প্রথম পক্ষ) ও ওয়েলফেয়ার এসোসিয়েশন (দ্বিতীয় পক্ষ) এবং সিএইচটি উইমেন ফোরাম (তৃতীয় পক্ষ) এ সমঝোতায় উপনীত হয়েছেন।

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd